অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/18/2023 **গভর্নর ক্যাথি হোকল**

আবাসনের জন্য সাহসী নির্বাহী পদক্ষেপ ঘোষণা করার পাঁচ মাস পর, গভর্নর হোকল নিউ ইয়র্কে আবাসন সরবরাহ বৃদ্ধির ক্ষেত্রে অগ্রগতি সম্পর্কে নিউ ইয়র্কবাসীকে জানালেন

গাউনসের হাউজিং ডেভেলপমেন্টকে ত্বরান্বিত করার কর্মসূচি 19টি আবেদন পেয়েছে, যার ফলে সাশ্রয়ী আবাসনসহ 5,500 ইউনিট আবাসন তৈরি হতে পারে

গভর্নর স্টেট মালিকানাধীন সাইটকে আবাসনে রূপান্তরিত করার প্রয়াস অগ্রসর করা অব্যাহত রেখেছেন, যার মধ্যে আছে পূর্বের লিঙ্কন সংশোধনমূলক ফ্যাসিলিটিকে 105 ইউনিট ডেভেলপমেন্টে রূপান্তরিত করা এবং ক্রিডমুর সাইকিয়াট্রিক সেন্টারে 2,800 এর বেশি ইউনিট আবাসন সম্ভব করার জন্য পরিকল্পনা

গভর্নর আজকে পুরো নিউ ইয়র্কে 1,500 এর বেশি বাসা তৈরি ও সংরক্ষণ করার অর্থায়ন ঘোষণা করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্কের আবাসন সঙ্কট সমাধানে এবং আবাসন সরবরাহ বৃদ্ধির জন্য আজ থেকে পাঁচ মাস পূর্বে তার ঘোষিত নির্বাহী পদক্ষেপের মাধ্যমে হওয়া অগ্রগতি সম্পর্কে শেষ তথ্য নিউ ইয়র্কবাসীকে জানালেন। এছাড়াও গভর্নর হোকল পুরো নিউ ইয়র্ক স্টেটে 1,500 এর বেশি বাসা তৈরি করে আবাসন সরবরাহ সম্প্রসারিত করতে সাহায্য করার জন্য 430 মিলিয়ন মার্কিন ডলার বন্ড ও ভর্তুকি ঘোষণা করলেন।

"নিউ ইয়র্কের আবাসনের ঘাটতি একটি জরুরি সঙ্কট, এবং বিধিমালার সমাধানের জন্য অপেক্ষা করা আমাদের জন্য সম্ভব নয়," **গভর্নর হোকল বলেন।** "আজকে থেকে পাঁচ মাস পূর্বে আমি আবাসনের বৃদ্ধির প্রচারে নির্বাহী পদক্ষেপ গ্রহণ করি, এবং পুরো নিউ ইয়র্কে আবাসন সরবরাহ বৃদ্ধির জন্য আমরা বাস্তব অগ্রগতি করছি। আবাসন সরবরাহ বৃদ্ধির জন্য আইনসভা একটি সত্যিকারের পরিকল্পনা না নিয়ে আসা পর্যন্ত, আমি গভর্নর হিসেবে আমার ক্ষমতা অনুযায়ী নিউ ইয়র্কবাসীদের জন্য লড়াই অব্যাহত রাখবো।"

গাউনেস আবাসন বিকাশ
আবাসন বৃদ্ধির প্রচারের জন্য নির্বাহী পদক্ষেপের প্যাকেজের অংশ হিসেবে, গভর্নর হোকল ব্রুকলিনের গাউনেস এলাকায় বর্তমানে মেয়াদোত্তীর্ণ কর্মসূচিতে ন্যস্ত বিকাশ প্রস্তাবনাসমূহের জন্য বর্তমানে মেয়াদোত্তীর্ণ 421-a কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে বিশেষ বেনিফিট ও আবাসন

দায়বদ্ধতাকে লক্ষ্য করার উদ্দেশ্যে একটি কর্মসূচি ঘোষণা করেছেন। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) কর্তৃক তত্ত্বাবধান করা কর্মসূচিটি এর মধ্যে 19টি স্বতন্ত্র প্রকল্পের সাইটে 19টি আবেদনপত্র পেয়েছে, যার ফলে 1,400 সাশ্রয়ী ইউনিটসহ মোট 5,500টি পর্যন্ত ইউনিট তৈরি হতে পারে। 2024 সালের গ্রীষ্মকালের মধ্যে ESD প্রকল্পের অনুমোদন ঘোষণা করবেন।

আবাসনের জন্য স্টেটের জমির পুনর্ব্যবহার

গভর্নর হোকলের নির্বাহী পদক্ষেপের প্যাকেজে এছাড়াও রয়েছে স্টেট এজেন্সিসমূহকে তাদের মালিকানাধীন ও নিয়ন্ত্রণে থাকা জমির পর্যালোচনা করার এবং সেই সাইটগুলি হাউজিং ডেভেলপমেন্টের জন্য ব্যবহার করা যাবে কিনা বা আশেপাশের হাউজিং ডেভেলপমেন্টকে সমর্থন করতে পারবে কিনা তা নির্ণয় করার জন্য বাধ্যতামূলক নির্দেশ প্রদান। বাধ্যবাধকতা জারি করার পর, গভর্নর হোকল নিউ ইয়র্ক সিটির পূর্ববর্তী লিঙ্কন সংশোধনমূলক ফ্যাসিলিটিকে (Lincoln Correctional Facility) 105 ইউনিট সাশ্রয়ী আবাসনসহ একটি প্রাণবন্ত, মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্টে রূপান্তরিত করার একটি প্রস্তাবনা উন্মোচন করেছেন, এবং সেই সাথে আছে ইস্টার্ন কুইন্সের ক্রিডমুর সাইকিয়াট্রিক সেন্টারকে (Creedmoor Psychiatric Center) একটি প্রাণবন্ত 2,800 এর বেশি ইউনিটের আবাসন হিসেবে পুনঃকল্পনা করার জন্য ক্রিডমুর সম্প্রদায় মূল পরিকল্পনা (Creedmoor Community Master Plan)।

এছাড়াও গভর্নর ম্যানহাটনের পূর্বের বেভিউ সংশোধনমূলক ফ্যাসিলিটি (Bayview Correctional Facility) এবং ফিশকিলের পূর্বের ডাউনস্টেট সংশোধনমূলক ফ্যাসিলিটি (Downstate Correctional Facility) পুনঃগঠন, যেখানে আবাসনের উপর জোর দেওয়া হবে, তার জন্য প্রস্তাবনার অনুরোধ ঘোষণা করেছেন।

1,500 এর বেশি বাসার জন্য নতুন অর্থায়ন

এছাড়াও গভর্নর পুরো নিউ ইয়র্ক স্টেটে 1,500 বাসা তৈরি বা সংরক্ষণ করার জন্য বন্ড এবং ভর্তুকির মাধ্যমে 433 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন, যার মধ্যে সাশ্রয়ী, সমর্থক, এবং টেকসই আবাসন থাকবে। এই বিনিয়োগটি নিউ ইয়র্ক সিটি, হাডসন ভ্যালি, সাউদার্ন টিয়ার, এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কজুড়ে দশটি ডেভেলপমেন্টে আবাসন সরবরাহ সম্প্রসারিত ও রক্ষা করবে। প্রকল্পটিতে রয়েছে কুইন্সের JFK হিল্টন হোটেলকে 318টি সাশ্রয়ী আবাসনে রূপান্তর করা, এটি স্টেটের উদ্ভাবনী আমাদের প্রতিবেশীদের মর্যাদাপূর্ণ আবাসন প্রদান আইনের (Housing Our Neighbors With Dignity Act) মাধ্যমে নিউ ইয়র্কের প্রথম হোটেল রূপান্তর, আইনটি স্বল্প ব্যবহৃত বাণিজ্যিক ও হোটেলের স্থানকে আবাসিক ব্যবহারের জন্য রূপান্তরিত করার অনুমতি প্রদান করে।

নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) ডিসেম্বর 2023 বন্ড জারির মাধ্যমে অর্থায়ন বরাদ্দ করা হয়েছে, বন্ডটি 131 মিলিয়ন মার্কিন ডলার করমুক্ত আবাসন বন্ড এবং 302 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি প্রদান করেছে। অর্থপ্রাপ্ত চারটি প্রকল্প আরো উচ্চতর মাত্রার টেকসই দশা ও কার্বন হ্রাস অর্জন করার জন্য পরিচ্ছন্ন শক্তি উদ্যোগ (Clean Energy Initiative) থেকে পাওয়া 6 মিলিয়ন মার্কিন ডলার ব্যবহার করবে।অতিরিক্ত বেসরকারি তহবিল ও সংস্থানের সাথে যুক্ত হয়ে, তহবিলপ্রাপ্ত প্রকল্পসমূহ প্রায় 800 মিলিয়ন মার্কিন ডলার সার্বিক বিনিয়োগ তৈরি করবে বলে আশা করা যাচ্ছে।

প্রকল্পসমূহের মধ্যে রয়েছে:

<u>নিউ ইয়র্ক সিটি</u>

কুইন্সে 318টি বাসা তৈরির জন্য JFK হিল্টন হোটেলের অধিগ্রহণ ও অভিযোজিত পুনর্ব্যবহারের জন্য 47 মিলিয়ন মার্কিন ডলার। JFK হিল্টন হোটেলকে (JFK Hilton Hotel) বেইজলি পন্ড রেসিডেন্সেসে (Baisely Pond Residences) রূপান্তরিত করা হবে, যা হবে গৃহহীনতায় ভুগতে থাকা ব্যক্তিদের জন্য 191টি সমর্থক সেবা অ্যাপার্টমেন্টসহ 318টি অ্যাপার্টমেন্টের একটি ডেভেলপমেন্ট। স্লেট প্রোপার্টি গ্রুপ (Slate Property Group) এবং রাইজবরো কমিউনিটি পার্টনারশিপ (RiseBoro Community Partnership) একত্রে বেইজলি পন্ড রেসিডেন্সেস নির্মাণ করবে।

ব্রুকলিনের ইউটিকা ক্রিসেন্টে 322টি বাসা নির্মাণের জন্য 128 মিলিয়ন মার্কিন ডলার। স্টেটের অত্যাবশ্যকীয় ব্রুকলিন উদ্যোগ (Vital Brooklyn Initiative) প্রকল্পের অংশ হিসেবে, ইউটিকা ক্রিসেন্ট (Utica Crescent) একটি নতুনভাবে নির্মিত মিশ্র ব্যবহারের ফ্যাসিলিটি হবে, যেখানে ইস্ট ফ্ল্যাটবুশে, পূর্বের একটি পার্কিং লটে দুইটি সংযুক্ত টাওয়ার নির্মিত হচ্ছে। ক্যাথোলিক চ্যারিটিজ নেইবারহুড সার্ভিসেস (Catholic Charities Neighborhood Services) থেকে সমর্থক সেবাপ্রাপ্ত বয়স্কদের জন্য উননব্বইটি অ্যাপার্টমেন্ট পৃথক করে রাখা হবে। অত্যন্ত শক্তি দক্ষ ডেভেলপমেন্টটিতে এছাড়াও একটি মুদি দোকান, মেডিকেল ফ্যাসিলিটি, এবং অন্যান্য কমিউনিটি সার্ভিসের জন্য স্থান থাকবে। মোনাডনক ডেভেলপমেন্ট (Monadnock Development) এবং CB ইমানুয়েল রিয়েলটি (CB Emmanuel Realty) একত্রে ইউটিকা ক্রিসেন্ট নির্মাণ করবে।

ব্রুকলিনের মার্কস গার্ভে এক্সটেনশন ডেভেলপমেন্টে 109টি বাসা নির্মাণের জন্য 57 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটিতে বিদ্যমান মার্কস গার্ভে অ্যাপার্টমেন্টসের (Marcus Garvey Apartments) স্বল্প ব্যবহৃত পার্কিং লটে একটি আটতলা ভবনের নতুন নির্মাণকাজ করা হবে। দীর্ঘদিন ধরে গৃহহীন থাকা প্রাপ্তবয়স্ক ও পরিবারের জন্য পঞ্চান্নটি অ্যাপার্টমেন্ট পৃথক করে রাখা হবে, যারা সার্ভিসেস ফর দ্য আন্ডারসার্ভড (Services for the UnderServed) এর থেকে সমর্থক সেবা পাবে। L+M ডেভেলপমেন্ট পার্টনার্স (L+M Development Partners) এবং সার্ভিসেস ফর দ্য আন্ডারসার্ভড একত্রে মার্কস গার্ভে এক্সটেনশন ডেভেলপমেন্টের এই পর্যায়ের নির্মাণকাজ করবে।

ব্রুকলিনের 753 ক্ল্যাসন অ্যাভিনিউয়ে 139টি বাসা সংরক্ষণ করার জন্য 51 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি ক্রাউন হাইটসের একটি 13 তলা মিচেল লামা ডেভেলপমেন্টের অভ্যন্তর ও বাহ্যিক অবস্থার উল্লেখজনক পুনর্বাসন করবে, 55 বছর পুরোনো ভবনটির ব্যবহারযোগ্য আয়ুষ্কাল বিস্তৃত করবে এবং শক্তি দক্ষতা বৃদ্ধি করবে। 753 ক্ল্যাসন অ্যাভিনিউ নির্মাণ করছে স্মিথ অ্যান্ড হেনজি অ্যাফোর্ডেবল গ্রুপ (Smith & Henzy Affordable Group)।

<u>মিড-হাডসন</u>

নিউবার্গে 128টি বাসা সংরক্ষণ করতে কর্নারস্টোন রেসিডেন্সের পুনর্বাসনের জন্য 15 মিলিয়ন মার্কিন ডলার।পুনর্বাসন কাজ চারতলার সাবেক হোটেলটির উল্লেখজনক উন্নয়নকাজ করবে এবং এর শক্তি দক্ষতা উন্নত করবে, সমর্থক আবাসন হিসেবে এর অব্যাহত ব্যবহারের ব্যবস্থা করবে। কর্নারস্টোন রেসিডেন্স (Cornerstone Residence) নির্মাণ করছে সেফ হার্বারস অফ দ্য হাডসন (Safe Harbors of the Hudson)।

<u>সাউদার্ন টিয়ার</u>

বিংহ্যামটনের কোর্ট স্ট্রিটে 111টি বাসার অধিগ্রহণ, অভিযোজিত পুনর্ব্যবহার এবং নতুন নির্মাণের জন্য 38 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটি একটি পূর্বের গুদামঘর ও অফিসের অভিযোজিত পুনর্ব্যবহার করবে, 80টি নতুন, সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট তৈরি করবে, এবং বিদ্যমান ভবনের অতিরিক্ত অংশ নির্মাণ করবে যেখানে বাড়তি 31টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট থাকবে। ডেভেলপমেন্টে গৃহহীন ভেটেরান, মাদক অপব্যবহার ব্যাধি, এবং মানসিকভাবে মারাত্মক অসুস্থ ব্যক্তিদের জন্য সমর্থক সেবাসহ 60টি অ্যাপার্টমেন্ট থাকবে। কোর্ট স্ট্রিট অ্যাপার্টমেন্টস (Court Street Apartments) নির্মাণ করছে হেলিও হেলথ (Helio Health)।

<u>ওয়েস্টার্ন নিউ ইয়র্ক</u>

বাফেলোর মেইন স্ট্রিট লফটসে 147টি বাসা নির্মাণের জন্য 23 মিলিয়ন মার্কিন ডলার। ডেভেলপমেন্টটিতে ডাউনটাউন বাফেলোর একটি পূর্বের ব্রাউনফিল্ড সাইটে 140টি অ্যাপার্টমেন্টসহ একটি পাঁচতলা ভবন এবং সাততি অ্যাপার্টমেন্টসহ দুইটি টাউনহাউজ থাকবে। পিভোটাল (Pivotal) এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক বেলমন্ট হাউজিং রিসোর্সেস (Belmont Housing Resources) একত্রে মেইন স্ট্রিট লফটস (Main Street Lofts) নির্মাণ করছে।

বাফেলোর ফ্র্যান্সিস জন অ্যাপার্টমেন্টস এবং ফ্রেডেরিক ডগলাস টাওয়ার্সে 174টি বাসা অধিগ্রহণ ও পুনর্বাসনের জন্য 23 মিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পটিতে মোট 174টি অ্যাপার্টমেন্টের দুইটি পৃথক বয়স্কদের হাউজিং ডেভেলপমেন্টে অভ্যন্তরীণ ও বাহ্যিক পুনর্বাসন কাজ করা হবে, যার মধ্যে আছে ছাদ প্রতিস্থাপন করা এবং শক্তি দক্ষতার ব্যবস্থা গ্রহণ করা। ফ্র্যান্সিস জন অ্যাপার্টমেন্টস (Francis John Apartments) এবং ফ্রেডেরিক ডগলাস টাওয়ার্স (Frederick Douglass Towers) নির্মাণ করছে ব্রিজেস ডেভেলপমেন্ট (Bridges Development)।

লকপোর্টে 82টি বাসা তৈরি করতে হ্যারিসন প্লেস লফটসের অধিগ্রহণ ও অভিযোজিত পুনর্ব্যবহারের জন্য 36 মিলিয়ন মার্কিন ডলার। ডেভেলপমেন্টটি পূর্বের হ্যারিসন রেডিয়েটর ফ্যাক্টরি কমপ্লেক্সের একটি খালি তিনতলা ভবনে হবে এবং 82টি নতুন অ্যাপার্টমেন্ট তৈরি করবে।1987 সাল থেকে বন্ধ থাকা ভবনটি লোকপোর্ট ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ (Lockport Downtown Revitalization Initiativ) দ্বারা স্বল্প ব্যবহৃত হিসেবে সনাক্ত হয়েছে এবং এটি ঐতিহাসিক স্থানের জাতীয় নিবন্ধনে (National Register of Historic Places) তালিকাভুক্ত হয়েছে। হ্যারিসন প্লেস লফটস (Harrison Place Lofts) নির্মাণ করছে কিয়ারনি রিয়েলটি এবং ডেভেলপমেন্ট গ্রুপ (Kearney Realty & Development Group)।

গভর্নর হোকলের আবাসন এজেন্ডা

এই প্রয়াসগুলি হলো সকল নিউ ইয়র্কবাসীর জন্য স্টেটকে আরো সাশ্রয়ী ও আরো বসবাসযোগ্য করতে নিউ ইয়র্কের আবাসন সঙ্কটের সমাধান করার জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতির অনুবর্তী। নিউ ইয়র্কবাসীকে আবাসনের বর্ধিত খরচের সম্মুখীন হতে সাহায্য করার জন্য অর্থবছর 2024 বাজেটের অংশ হিসেবে গভর্নর ঐতিহাসিক বিনিয়োগ নিশ্চিত করেছেন, যার মধ্যে আছে অতিরিক্ত ভাড়াটিয়া ও পরিবারকে আওতাধীন করার জন্য নিউ ইয়র্কের জরুরি ভাড়া সহায়তা কর্মসূচি (Emergency Rental Assistance Program) সম্প্রসারিত করতে 391 মিলিয়ন মার্কিন ডলার ভাড়া সহায়তা, যার মধ্যে নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority, NYCHA) এবং অন্যান্য সরকারি আবাসনের বাসিন্দারা অন্তর্ভুক্ত হবে; ভাড়াটিয়াদের আইনি সেবার জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার; আপস্টেট নিউ ইয়র্কে একটি নতুন ভাড়াটিয়া সুরক্ষা ইউনিট (Tenant Protection Unit)অফিসের জন্য অর্থায়ন; উচ্চ মাত্রার নিম্ন আয়ের অশ্বেতাঙ্গ বাড়ির মালিক বা দুঃস্থ বাড়ির মালিক রয়েছে বলে সনাক্ত করা স্টেটের 10টি সম্প্রদায়ে বাড়ি মেরামতের অর্থায়ন করার জন্য বাড়ির মালিক স্থিতিশীলকরণ তহবিল (Homeowner Stabilization Fund) হিসেবে 50 মিলিয়ন মার্কিন ডলার; এবং ডিফল্ট এবং ফোরক্লোজারের ক্ষেত্রে বাড়ির মালিকদের সাহায্য করার জন্য পুরো স্টেটের কয়েক ডজন অলাভজনক আবাসন কাউন্সেলিং এবং আইনি সেবার অর্থায়নের জন্য বাড়ির মালিক সুরক্ষা কর্মসূচির (Homeowner Protection Program) জন্য 40 মিলিয়ন মার্কিন ডলার। অর্থবছর 2023 বাজেটের অংশ হিসেবে গভর্নর একটি পাঁচ বছর মেয়াদি, 25 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনা ঘোষণা করেন, যা 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি এবং সংরক্ষণ করবে।

এছাড়াও গভর্নর হোকল পূর্বের J-51 কর্মসূচি প্রতিস্থাপন করতে একটি নতুন সাশ্রয়ী আবাসন পুনর্বাসন কর্মসূচি গ্রহণ করার জন্য নিউ ইয়র্ক সিটিকে অনুমোদন প্রদান করার মাধ্যমে নিউ ইয়র্ক সিটিতে সাশ্রয়ী আবাসন নির্মাণ ও সংরক্ষণ করার বিধিমালায় স্বাক্ষর করেছেন; এটি নিউ ইয়র্ক সিটিকে সাশ্রয়ী আবাসন ও অন্যান্য সংশ্লিষ্ট বিনিয়োগের ক্ষেত্রে ঋণ ও অনুদান প্রদান করার ক্ষেত্রে নমনীয়তা প্রদান করবে; এবং নিউ ইয়র্ক সিটি হাউজিং ডেভেলপমেন্ট কর্পোরেশনের (New York City Housing Development Corporation) বন্ডিং সক্ষমতা বৃদ্ধি করবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন